# MODEL QUESTION, 2017 - 2018

## Subject : BANGLA

## Class - X

### Group - A

সঠিক উত্তরটি বেছে নাও ঃ— ( 1 x 50 = 50 )

1. পদাতিক সৈন্যদের জ্বালায় কার মনে সুখ ছিল না ?
   (ক) রাজার, (খ) লেখকের,
   (গ) ছেলেদের, (ঘ) মাঝিদের ।

2. 'সেই বইটি' কার লেখা ?
   (ক) আশাপূর্ণা দেবী, (খ) কালকূট,
   (গ) হরিশংকর পরসাই, (ঘ) নারায়ণ গঙ্গোপাধ্যায় ।

3. সতীনাথ ভাদুড়ী লিখিত পাঠটির নাম কী ?
   (ক) ফাঁসী সেলে বিলু, (খ) অনাচার,
   (গ) ছেলেদের খেলা, (ঘ) বাতিওয়ালা ।

4. মৌলবী সাহেব কিসে চড়ে স্কুলে আসতেন ?
   (ক) রিক্সা, (খ) ঘোড়া,
   (গ) হাতি, (ঘ) সাইকেল ।

5. সুভাষ কাকিমা চরিত্রটি কোন পাঠে আছে ?
   (ক) অনাচার, (খ) রাজবৈদ্য জীবক,
   (গ) অদ্ভুত যত আউট, (ঘ) আলাউদ্দীন খান ।

6. 'কালকূট ' কার ছদ্ম নাম ?
   (ক) সুনীল গঙ্গোপাধ্যায়, (খ) রবীন্দ্রনাথ ঠাকুর,
   (গ) সমরেশ বসু, (ঘ) নারায়ণ গঙ্গোপাধ্যায় ।

7. বিজয় মার্চেন্ট কোন দেশের খেলোয়াড় ছিলেন ?
   (ক) ভারত, (খ) ইংল্যান্ড,
   (গ) অস্ট্রেলিয়া, (ঘ) পাকিস্তান ।

8. অ্যাংলো ইন্ডিয়ানদের ভাষা কী ছিল ?
   (ক) বাংলা, (খ) হিন্দী,
   (গ) ইংরাজী, (ঘ) পার্সী ।

9. জীবক কোন যুগের স্বনাম ধন্য চিকিৎসক ?
   (ক) বৌদ্ধযুগ, (খ) কলিযুগ,
   (গ) দ্বাপরযুগ, (ঘ) সত্যযুগ ।

10. ‘অন্বেষণ’ শব্দটির অর্থ কোনটি ?

(ক) খোঁজা, (খ) হারিয়ে যাওয়া,

(গ) অনুবাদ, (ঘ) ক্রোধ ।

11. ‘বাতিওয়ালা’ গল্পের লোকটি কোথায় টর্চ বিক্রি করতো ?

(ক) ট্রেনে, (খ) চৌরাস্তার ওপর,

(গ) বাসে, (ঘ) বাড়ি বাড়ি ঘুরে ।

12. আলাউদ্দীন খানের সহধর্মিণীর নাম কী ছিল ?

(ক) অনুসূয়া দেবী, (খ) বিশাখা দেবী,

(গ) মদনমঞ্জরী দেবী, (ঘ) মীরা দেবী।

13. প্রাচীন যুগের বাংলা ভাষার প্রথম সাহিত্যিক নিদর্শন কোনটি ?

(ক) মঙ্গলকাব্য, (খ) শ্রীকৃষ্ণকীর্তন,

(গ) চর্যাপদ, (ঘ) শাক্তপদাবলী ।

14. অমিত্রাক্ষর ছন্দ কার সৃষ্টি ?

(ক) মধুসূদন দত্ত, (খ) রবীন্দ্রনাথ ঠাকুর,

(গ) জীবনানন্দ দাস, (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ।

15. ‘চোখের বালি’ উপন্যাসটি কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর, (খ) সতীনাথ ভাদুড়ী,

(গ) আশাপূর্ণা দেবী, (ঘ) বলেন্দ্রনাথ ঠাকুর ।

16. **Elihee Root** কোথাকার লোক ছিলেন ?

(ক) আমেরিকা, (খ) ইংল্যান্ড,

(গ) রাশিয়া, (ঘ) চীন ।

17. জ্যাঠাইমাকে বিলু কী বলে ডাকতো ?

(ক) জ্যেঠিমা, (খ) মা,

(গ) বড়মা, (ঘ) খুড়িমা ।

18. ‘অদ্ভুত যত আউট’ -এ খেলার কথা বিশেষ ভাবে বলা হয়েছে ?

(ক) ফুটবল, (খ) টেবিল টেনিস,

(গ) ক্রিকেট, (ঘ) হকি ।

19. ‘অমৃতকুম্ভের সন্ধানে’র বিকলাঙ্গ চরিত্রটির নাম কী ?

(ক) শ্যামা, (খ) বলরাম,

(গ) প্রেমবতী, (ঘ) জীবন ।

20. প্রদ্যোৎ সেন কোথাকার রাজা ছিলেন ?

(ক) বিক্রমশীলা, (খ) তক্ষশিলা,

(গ) পাটলীপুত্র, (ঘ) উজ্জয়িনী।

21. 'পূজারিণী' কবিতাটি কার লেখা ?

(ক) কৃত্তিবাস ওঝা, (খ) মুকুন্দ দাস,

(গ) রবীন্দ্রনাথ ঠাকুর, (ঘ) প্রেমেন্দ্র মিত্র।

22. বাসুদেব দেব রচিত কবিতা কোনটি ?

(ক) পথ দেখাবি না, (খ) উজান ডিঙি,

(গ) জাত - বিচার, (ঘ) ভৌগলিক।

23. 'অঙ্গুরী সংবাদ' কবিতাটি কোন মহাকাব্যের একটি অংশ ?

(ক) রামায়ণ, (খ) মহাভারত,

(গ) ওডিসি, (ঘ) ইলিয়াড়।

24. নৃপতি শব্দটির অর্থ কী ?

(ক) রাজা, (খ) প্রজা,

(গ) নারী, (ঘ) স্ত্রী।

25. 'সব লোকে কয় লালন কী.................. সংসারে' শূন্য স্থানে কোন শব্দটি বসবে ?

(ক) পাত, (খ) ধর্ম,

(গ) জাত, (ঘ) প্রমাণ।

26. কিসের পতাকা নিয়ে সবাইকে এগিয়ে যাওয়ার কথা বলা হয়েছে ?

(ক) ধর্মের, (খ) কর্মের,

(গ) জাতির, (ঘ) নীতির।

27. 'ভৌগলিক' কবিতাটিতে কবির চোখে গ্রাম কিসের মতন ?

(ক) নাটকের, (খ) স্বপ্নের,

(গ) ছবির, (ঘ) কবিতার।

28. কবি কাকে ভীষণ ভালবাসতেন ?

(ক) মা কে, (খ) বন্ধু কে,

(গ) ভাই কে, (ঘ) বোন কে।

29. কুঁচবরণ কন্যার কেশ কার মতো ?

(ক) কালোবরণ, (খ) মেঘবরণ,

(গ) হরিৎবরণ, (ঘ) শ্বেতবরণ।

30. 'পথ দেখাবি না' কবিতাটিতে কে বাসা ভাঙবে বলে শাসাচ্ছে ?

(ক) ঝড়, (খ) শকুন,

(গ) কাক, (ঘ) শিকারি।

31. সুদাস মালী কে আমরা 'কথা ও কাহিনী'র কোন কবিতাটিতে দেখি ?

(ক) মূল্যপ্রাপ্তি, (খ) সামান্য ক্ষতি,

(গ) নগর লক্ষ্মী, (ঘ) অপমান বর।

32. 'জননী, তুমি যে আমার প্রভুর দান' — পংক্তিটি কোন কবিতার ?

(ক) নগর লক্ষ্মী, (খ) সামান্য ক্ষতি,

(গ) জুতা আবিষ্কার, (ঘ) অপমান বর।

33. রাজা হবুচন্দ্রের মন্ত্রীর নাম কী ?

(ক) গোবু রায়, (খ) হবু রায়,

(গ) মনু রায়, (ঘ) চাদু রায়।

34. 'দীন আনিয়াছে, প্রভু, হীন উপহার' — এখানে 'হীন' কে ?

(ক) শিখগুরু, (খ) রঘুনাথ,

(গ) উপেন, (ঘ) রাজা হবুচন্দ্র।

35. 'নগরলক্ষ্মী' কবিতাটি কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর, (খ) সত্যেন্দ্রনাথ ঠাকুর,

(গ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, (ঘ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

36. করুণা কোন রাজ্যের মহিষী ?

(ক) অযোধ্যা, (খ) পুরী,

(গ) কাশী, (ঘ) বৃন্দাবন।

37. সুদাস মালীর সরোবরে অকালে কোন ফুল ফুটেছে ·

•ক) গোলাপ, (খ) করবী,

(গ) পদ্ম, (ঘ) জবা।

38. দুর্ভিক্ষ কোন নগরীতে দেখা দিয়েছিল ?

(ক) শ্রাবস্তীপুরে, (খ) মায়াপুরে,

(গ) বিষ্ণুপুরে, (ঘ) অবন্তীনগরে।

39. 'অপমানবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের ?

(ক) বলাকা, (খ) কথা ও কাহিনী,

(গ) সোনার তরী, (ঘ) চিত্রা।

40. জুতা আবিষ্কার কে করলো ?

(ক) রাজা হবুচন্দ্র, (খ) মন্ত্রী গোবু রায়,

(গ) পন্ডিত মশাই, (ঘ) চামার কুলপতি ।

41. 'গৌরব' শব্দটির বিপরীত শব্দ কোনটি ?

(ক) অগৌরব, (খ) সগৌরব,

(গ) গৌরবান্বিত, (ঘ) গৌরবসহ ।

42. 'চাষ' + আবাদ' — সন্ধি কোনটি ?

(ক) চাষাবাদ, (খ) চাষআবাদ,

(গ) চাষবাদ, (ঘ) চাষাআবাদ ।

43. 'স্বাগত' শব্দটির সন্ধি বিচ্ছেদ কর ।

(ক) স্বা + গত, (খ) স্ব + আগত,

(গ) সু + আগত, (ঘ) সু + গত ।

44. ভাতের অভাব, ভিক্ষার অভাব — এগুলি কোন সমাসের উদাহরণ ?

(ক) কর্মধারয়, (খ) দ্বিগু,

(গ) অব্যয়ীভাব, (ঘ) বহুব্রীহি ।

45. 'শত অব্দের সমাহার' – এটি কোন সমাসের ব্যাসবাক্য ?

(ক) দ্বন্দ্ব, (খ) তৎপুরুষ,

(গ) বহুব্রীহি, (ঘ) দ্বিগু ।

46. 'নিরক্ষর' - র বিপরীত শব্দ কোনটি ?

(ক) সুঅক্ষর, (খ) সাক্ষর,

(গ) অসাক্ষর, (ঘ) নিরক্ষরতা ।

47. 'কাজ' শব্দটি —

(ক) অদ্ভব, (খ) তৎসম,

(গ) অর্ধতৎসম, (ঘ) বিদেশী ।

48. 'চন্দ্র' শব্দটি —

(ক) অর্ধতৎসম, (খ) বিদেশী,

(গ) তদ্ভব, (ঘ) তৎসম ।

49. 'জীবন পর্যন্ত' - র একপদ শব্দটি হলো —

(ক) সুজীবন, (খ) জীবনান্ত,

(গ) আজীবন, (ঘ) জীবনভর ।

50. 'জটিল' - এর পরিবর্তিত পদ কোনটি ?

(ক) জটিলতা, (খ) অজটিল,

(গ) জৌটিল্য, (ঘ) জটিলময় ।

51. অতি সংক্ষেপে লেখো ( যে কোন দশটি) 2 x 10 = 20

A. পূজাবকাশের পর আশ্রমের বিদ্যালয় কবে খুলেছিল ?

B. মা যে ওয়ার্ডে ছিলেন তার নাম কী ছিল ?

C. ১৯৫৩ সালে লীডস্ মাঠে কোন দুই দেশের মধ্যে টেস্ট খেলা হচ্ছিল ?

D. আলাউদ্দীন খানের জন্ম কবে ও কোথায় ?

E. সাহিত্যের কোন্ শাখার মাতৃরূপের আরাধনা করা হয়েছে ?

F. রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোন দুটি কাব্যগ্রন্থের নাম লেখো ।

G. ‘বাঙালী মুসলমানের স্বদেশে প্রত্যার্বতন’ পাঠটি কার লেখা ?

H. সুভাষ কাকিমা চিঠিটা কাদের দেখতে দিয়েছিলেন ?

I. পবন নন্দন কাকে বলা হয় ?

J. ‘পূজারিণী’ কবিতায় বুদ্ধের স্তুপ কে নির্মাণ করেন ?

K. হাতের দশ আঙুলে কার স্মৃতি রয়েছে ?

L. বাংলার উত্তর দিকের সীমানা কোথায় গিয়ে শেষ হয়েছে ?

M. ‘করমের যুগ এসেছে’ কবিতাটিতে খেয়া নৌকার মাঝি কে ?

N. ‘অপমান বর’ কবিতাটি কোন সাধকের কাহিনী ?

O. রানী কুটিরে আগুন লাগাতে বললেন কেন ?

52. সংক্ষেপে উত্তর দাও - 5 x 3 = 15

A. আলাউদ্দীন খানের জীবনী সংক্ষেপে লেখো ।

অথবা

‘ছেলেদের খেলা’ পাঠটির পাঠ পরিচয় দাও ।

B. ‘পূজারিণী’ কবিতার পূজারিণী কে ? সে কিভাবে পূজারিণী কথাটির সার্থকতা নিজের জীবন দিয়ে প্রতিপন্ন করেছিল ?

অথবা

‘উজান ডিঙি’ কবিতাটির কাব্য পরিচয় দাও ।

C. কবিতার নাম ‘সামান্য ক্ষতি’ কেন দেওয়া হয়েছে ? নিজের ভাষায় লেখো ।

অথবা

‘কথা ও কাহিনী’র রচনা কার কবি রবীন্দ্রনাথ ঠাকুরের সম্বন্ধে যা জানো লেখো ।

53. যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো — 5

A. বসন্তকাল

B. দেশভ্রমণ

C. স্বাধীনতা দিবস

D. স্বাস্থ্যই সমাজ

E. তোমার প্রিয় গ্রন্থ

54. হিন্দীতে অনুবাদ করো — 5

A. আমি আজ সন্ধ্যায় মেলা দেখতে যাবো ।

B. তারপরের কাহিনী শোন ।

C. কলকাতা যাবার আগে আমার সঙ্গে দেখা করো ।

D. চোর তার সামনে দাঁড়িয়ে আছে ।

E. ভারতবর্ষ আমাদের মাতৃভূমি ।

55. বিদ্যালয়ে পানীয় জলের সুব্যবস্থার জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষককে একটি আবেদন পত্র লেখো । 5

অথবা

‘পুরস্কার বিতরণী সভা’ - র উপর একটি প্রতিবেদন লেখো ।

## ANSWER SHEET

**Group A**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1. | B | 2. | D | 3. | A |
| 4. | B | | | | |
| 5. | A | 6. | C | 7. | A |
| 8. | C | | | | |
| 9. | A | 10. | A | 11. | B |
| 12. | C | | | | |
| 13. | C | 14. | A | 15. | A |
| 16. | A | | | | |
| 17. | B | 18. | C | 19. | B |
| 20. | D | | | | |
| 21. | C | 22. | B | 23. | A |
| 24. | A | | | | |
| 25. | C | 26. | B | 27. | C |
| 28. | A | | | | |
| 29. | B | 30. | A | 31. | A |
| 32. | D | | | | |
| 33. | A | 34. | B | 35. | A |
| 36. | C | | | | |
| 37. | C | 38. | A | 39. | B |
| 40. | D | | | | |
| 41. | A | 42. | A | 43. | C |
| 44. | C | | | | |
| 45. | C | 46. | B | 47. | A |
| 48. | D | | | | |
| 49. | C | 50. | A | | |

**Group - B**

51. A. পূজাপাবশের পর আশ্রমের বিদ্যালয় ৯ ই নভেম্বর খুললো ।

B. মা যে ওয়ার্ডে ছিলেন তার নাম ছিল ‘আওরৎ কিতা’ ।

C. ১৯৫৩ সালে লীডস্ মাঠে অস্ট্রেলিয়া আর ইংলন্ডের মধ্যে টেস্ট খেলা হচ্ছিল ।

D. বাংলাদেশের ব্রাহ্মণ বাড়িয়ার শিবপুর গ্রামে ১৮৬২ সালে আলাউদ্দীনের জন্ম ।

E. শাক্তপদাবলীতে মাতৃরূপের আরাধনা করা হয়েছে ।

F. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ দুটি হলো — পূরবী, বলাকা ।

G. ‘বাঙালী মুসলমানের স্বদেশে প্রত্যার্বতন’ পাঠটির লেখক বদরুদ্দীন ওমর ।

H. পাড়ার সমস্ত মান্যগণ্য ভদ্রলোকদের সামনে সুভাষ কাকিমা চিঠিটা দেখতে দিয়েছিলেন ।

I. রামচন্দ্রের অনুভব হণুমানকে পবণনন্দন বলা হয় ।

J. ‘পূজারিণী’ কবিতায় নৃপতি বিম্বিসার বুদ্ধের স্তূপ নির্মাণ করেছিলেন ।

K. হাতের দশ আঙুলে জন্মভূমির অর্থাৎ যে মাটিতে ভর দিয়ে কবি উঠে দাঁড়িয়েছেন তারই স্মৃতি রয়েছে ।

L. বাংলার উত্তর দিকের সীমানা টেরাই (তরাই) - এ গিয়ে শেষ হয়েছে ।

M. ‘করমের যুগ এসেছে’ কবিতাটিতে খেয়া নৌকার মাঝি স্বয়ং ভগবান ।

N. ‘অপমান বর’ কবিতাটি ভক্ত কবীর সাধকের কাহিনী ।

O. স্নান সমাপনে শীত নিবারণের জন্য রাণী কুটিরে আগুণ জ্বালাতে বললেন ।

52. A. ভারতীয় মার্গ সংগীতের প্রবাদ পুরুষ আলাউদ্দীন খান । বাংলাদেশের ব্রাহ্মণ বাড়িয়ার শিবপুর গ্রামে১৮৬২ সালে আলাউদ্দীনের জন্ম। পিতার নাম সরদার হোসেন খান, যিনি মাধু খান নামেও পরিচিত ছিলেন । সরোদ, সেতার এবং আরও অনেক বাজনা বাজাতে এঁর দক্ষতা খ্যাতির শিখর স্পর্শ করেছে । আলী আকবর খান আর অন্নপূর্ণা দেবীর ইনি পিতা এবং রবিশংকর, নিখিল বন্দ্যোপাধ্যায়, বসন্ত রায়, ইন্দ্রনীল ভট্টাচার্য, পান্নালাল ঘোষ প্রমুখ খ্যাতনামা অনেক শিল্পীর ইনি শ্রদ্ধেয় গুরু রূপে বিশেষ পরিচিত । তাঁর গাম্ভীর্যের আড়ালে লুকিয়ে ছিল এক কুসুম কোমল হৃদয়। সেইসঙ্গে তিনি ছিলেন ধর্মপ্রাণ অথচ উদারচেতা মানুষ। তিনি নিজেও কিছু রাগ সৃষ্টি করেছিলেন, যেমন — তোড়ি, জোনপুরী, বেহাগ, মদনমঞ্জরী, প্রভাকলি, শুভাবতী প্রভৃতি । আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন এই মহান শিল্পীর জীবন নিয়ে তাঁর জীবিত কালেই হাওয়ার্ড ওয়র্থ একটি তথ্যচিত্র ‘রাগ’ (১৯১৭) নির্মাণ করেন, যা উচ্চ প্রশংসিত হয়েছিল ।

অথবা

‘ছেলেদের খেলা’ পাঠটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘ছিন্নপত্রে’র একটি অংশ। ‘ছিন্নপত্র’ একটি পত্র সংকলন গ্রন্থ । ১৮৮৭ - ১৮৯৫ সালে রবীন্দ্রনাথ তাঁর ভাইঝি ইন্দিরা দেবীকে যে পত্রাবলী লিখেছিলেন, ছিন্নপত্রে সেই পত্রগুলির অংশ বিশেষ সংকলিত হয়েছে ।

এই পত্রগুলি যে সময়কালে লিখিত, সে সময়ে লেখক শিলাইদহে - গ্রাম বাংলার বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছিলেন। গ্রাম্য দৃশ্যের সঙ্গে তাঁর পরিচয়ের নানা মুহুর্ত, বিভিন্ন অভিজ্ঞতার কথা এই সব পত্রে প্রতিফলিত হয়েছে । রবীন্দ্রনাথের বহু ছোটগল্পের উপাদান এই পত্রগুলির মধ্যে খুঁজে পাওয়া যায়। এই অংশটির ঘটনাকে অবলম্বন করে পরবর্তীকালে লেখক ‘ছুটি’ গল্পটি রচনা করেন।

লেখক এখানে গ্রামের ছেলে মেয়েদের নৌকার মাস্তুল নিয়ে এক মজার খেলার চিত্র এঁকেছেন । খেলার মাধ্যমে বালক মনের চপলতা, ক্ষণিকের অভিমান, আনন্দ, তাদের দার্শনিকতা সব কিছুরই প্রকাশ ঘটেছে এখানে ।

B. ‘পূজারিণী কবিতার পূজারিণী রাজবাড়ির শ্রীমতী নামের এক দাসী । পূজারিণী পরিচয় তার অকৃত্রিম ভক্তিতে । প্রকৃত ভক্ত কখনও তার দেবতার অবমাননা সহ্য করতে পারে না । দেবতার সম্মান অক্ষুন্ন রাখতে প্রাণ বিসর্জন দেওয়াও তার পক্ষে তুচ্ছ ব্যাপার । শ্রমতীর মধ্যে দিয়ে আমরা এই প্রকৃত পূজারিণীর রূপটি দেখতে পাই য রাজা অজাতশত্রু অন্যায় আদেশে তাঁর রাজ্যে বুদ্ধ পূজা নিষিদ্ধ করেছিলেন। সকলেই রাজভয়ে সে আদেশ মেনে নিয়েছিল, ব্যত্রিক্রম ছিল শুধু শ্রীমতী । আদেশ মেনে নিয়েছিল, ব্যকিক্রম ছিল, শুধু শ্রীমতী। ভগবান বুদ্ধের প্রতি তাঁর ভক্তি এমনই অকৃত্রিম ও প্রবল যে সে একাকী স্তূপপাদ মূলে প্রদীপ জ্বালিয়ে অর্ঘ্য রচনা করলো। এর পরিণাম মৃত্যু, তা তার অজনা নয়। কিন্তু মৃত্যুভয়ে ভীত হয়ে সে তার আরাধ্য দেবতার পূজার অধিকার ছেড়ে দিতে সম্মত হয়নি। মৃত্যু অপেক্ষাও ভক্তি তার কাছে অনেক বড়। তাই সে সত্যকার পূজারিণীর আদর্শে উদ্বাধ হয়ে ঘাতকের হাতে প্রাণ বিসর্জন দিয়েছে ।

অথবা

‘ উজান ডিঙি’ বাসুদেব দের রচিত একখানি সুন্দর কবিতা । দেশবিভাগের যন্ত্রণা এই কবিতার প্রতিটি লাইনে সূর্ত হয়ে উঠেছে। কবির শৈশব

ও কৈশোর কেটেছে বাংলাদেশের বরিশাল জেলার কীর্তন খেলা নদীর ধারে। নদীতে নৌকার আনাগোনা, পাড়েতে ঝাউবন, আমবাগান, শরতের মেঘে পূজার আমন্ত্রণ । রোদ ঝিল্‌মিল পূজার দালানে বালকের যাতায়াত, প্রতিমার মুখ দেখা — এসব কিছু একদিন হঠাৎ করে বদলে গেল। দেশ বিভাগের বেদনা নিয়ে সেই বালককে তার জন্মভূমি, তার একান্ত আপন আকাশ, বাতাস, প্রকৃতি পরিবেশকে চিরদিনের মত পরিত্যাগ করে চলে যেতে বাধ্য করে। দীর্ঘকালের ব্যবধানে শৈশব কৈশোরের সেই স্মৃতি এতটুকু ম্লান হয়নি । বার বার ফিরে এসে কবির মনকে পরিব্রাজক করে নিয়ে যায় ফেলে আসা দিনগুলিকে । কবির এই স্মৃতিভরা সাবেকি মনটি এ যুগের নতুন আলোর পরশটুকু গ্রহণ করতে পারে না, কবিকে হাহিয়ে দেয় সেইসব স্মৃতির মাঝে ।

C. কাশীর মহিষী করুণা শীতের সকালে আগুণ পোহাবার জন্য গরীব প্রজাদের পর্ণকুটির গুলি পুড়িয়ে দিয়ে মনে করেছিল তাতে বিশেষ কিছুই ক্ষতি হয়নি। কেননা রানীর এক প্রহরের বিলামিতায় ও গুলির মূল্য কিছুই নয়। তাছাড়া গরীবের দুঃখ কি, সে সম্বন্ধে তাঁর কোন ধারণাই ছিল না। কিন্তু রানীর জন্য যা সামান্য ক্ষতি, তা গরীব গৃহহীন প্রজাদের কাছে কি অসামান্য ক্ষতি তাগৃহহীণ প্রজারাই মর্মে মর্মে বুঝেছে আর বুঝেছেন রাজা স্বয়ং । পৃথিবীতে যারা ভোগ সুখে অভ্যস্ত তারা চিরকালই গরীবের দুঃখ সামন্য করে দেখতে চেয়েছে। কিন্তু তাই বলে গরীবের দুঃখ সামান্য হতে পারে না । সে দুঃখ বড়ই মর্মান্তিক । কবিতাটির নামকরণের তাৎপর্য এখানেই ।

অথবা

১৮৬১ সালের ২৫ শে বৈশাখ কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর বাড়িতে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, মাতা সারদা দেবী। অত্যন্ত অল্প বয়স থেকেই রবীন্দ্রনাথ সাহিত্য রচনা আরম্ভ করেন। কবির পারিবারিক পরিবেশ তাঁর কাব্যচর্চায় বিশেষ সহায়ক হয়েছিল । অসংখ্য গল্প, কবিতা, নাটক, উপন্যাস, প্রবন্ধ, রম্যরচনা, বিজ্ঞাণ, ব্যাকরণ, দর্শন ভিত্তিক নিবন্ধ প্রভৃতি সব শাখাতেই ছিল তাঁর অনায়াস বিচরণ । বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যক্তিকে লিখিত তাঁর পত্রাবলী পত্র সাহিত্য রূপে বাংলা সাহিত্যে এক নূতন শাখার সৃষ্টি করেছে। তাঁর রবীন্দ্র সংগীত সংগীত জগতের একটি বিশেষ শাখা । চিত্রশিল্পী রূপেওতিনি বিশেষ পরিচিত । শান্তিনিকেতন ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং শ্রীনিকেতনের কৃষি পরিকল্পনা তাঁর গঠনমূলক গ্রামোন্নয়ণ তথা কর্মপ্রতিভার উজ্জ্বল নিদর্শন। ১৯১৩ সালে 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্য তিনি নোবেল পুরস্কার পান। ১৯৪১ সালের ২২শে শ্রাবণ তিনি হইলোকের মায়া পরিত্যাগ করেন।

53. অনুচ্ছেদ গুলির সূত্র দেওয়া হলো -

A. সূচনা – সময় – প্রাকৃতিক বর্ণনা — উৎপন্ন দ্রব্য – সুবিধা – অসুবিধা – উৎসব — উপসংহার

B. সূচনা – শিক্ষার পরিপূরক – হৃদয় সম্প্রসারক — উৎপন্ন দ্রব্য – আবিষ্কারের সহায়ক – উপসংহার

C. ইতিহাস – স্বাধীনতা লাভ – উৎসব পালন — স্বাধীনতা দিবসের কর্তব্য ।

D. সূচনা – অর্থ – প্রয়োজনীয়তা — উপায় – উপসংহার

E. সূচনা – কবি পরিচয় – বিষয়বস্তু – কেন ভালবাসি — উপসংহার ।

54. A. मैं आज शाम को मेला देखने जाऊँगा।

B. उसके आगे की कहानी सुनो।

C. कोलकता जाने से पहले मुझसे मिलो।

D. चोर उसके सामने खड़ा है।

E. भारत वर्ष हमारी मातृभूमि है।

55. মাননীয়

প্রধান শিক্ষক,

সেমিনারী হাই স্কুল

সমস্তীপুর, বিহার

বিষয় – পানীয় জলের সুব্যবস্থা করার জন্য

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমাদের বিদ্যালয়ে পানীয় জলের নলগুলি বেশ কিছুদিন হলো ভেঙে গেছে। জলের ট্যাঙ্ক ও নিয়মিত পরিষ্কার করা হয় না। তার ফলে পানীয় জলের জন্য আমাদের সবসময় অসুবিধা পড়তে হয় ।

অতএব, আপনার কাছে আমার বিনীত নিবেদন এই যে যথাশীঘ্র সম্ভব পানীয় জলের সুব্যবস্থা করা হোক । এজন্য আমি আপনার কাছে কৃতজ্ঞ থাকবো ।

আপনার আজ্ঞাকারী

অ. ব. স.

বর্গ - X, ক্রমাঙ্ক - 10

অথবা

সম্প্রতি কালিদাস রঙ্গালয়ে অনুষ্ঠিত হয় পুরস্কার বিতরণ উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান । 'সুর ও লয়' আয়োজিত এই অনুষ্ঠানে নাচ ও গানের নানা রকম স্বাদের আসর জমেছিল । রবীন্দ্র সংগীত দিয়ে অনুষ্ঠান শুরু হয়। শেষ ও হয় রবীন্দ্র সংগীত দিয়ে । মাঝখানে নজরুল গীতি, দ্বিজেন্দ্র গীতি, আধুনিক গান, চলচিত্রের গান প্রভৃতি দিয়ে আসর মাত করে রাখেন বিভিন্ন শিল্পীরা। কোন - কোন গানের সঙ্গে নৃত্য পরিবেশন ও করা হয় । সুমার্জিত পোষাকের ব্যবহারে আয়োজকের মুন্সিয়ানার প্রমাণ পাওয়া যায়। সংযোজক মহাশয় সকল শিল্পী, অতিথিগণ ও মুখ্য অথিথিকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

প্রতিবেদক – সুদীপা ঘোষ